

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ জানুয়ারি'২০২৪খ্রি.

### ৯ ফেব্রুয়ারি শুরু হচ্ছে চসিকের অমর একুশে বই মেলা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) উদ্যোগে ৯ ফেব্রুয়ারি থেকে অমর একুশে বই মেলা শুরু হচ্ছে। ২৩ দিনব্যাপী এ বই মেলা শেষ হবে ২ মার্চ।

রোববার টাইগারপাসস্থ চসিক নগর ভবনের সম্মেলন কক্ষে মেলার প্রস্তুতি সভায় চসিক মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এ ঘোষণা দেন।

মেলার স্থান হিসেবে সিআরবির শিরিষতলা এবং বিকল্প হিসেবে স্টেডিয়াম সংলগ্ন শিশু পার্ক প্রস্তাব করেন মেয়র। মেয়র রেজাউল বলেন, চট্টগ্রামের অমর একুশে বই মেলা আমাদের গুরুত্বপূর্ণ ঐতিহ্য। এই মেলার জন্য সুনির্দিষ্ট স্থান নির্বাচন করা জরুরি। আমি মনে করি সিআরবি শিরিষতলাতে স্থায়ীভাবে থাকবে। আমরা যদি বইমেলা এবার শিরিষতলায় করতে পারি তাহলে স্থায়ীভাবে প্রতি বছর বই মেলা ওখানে করার একটা সুযোগ তৈরি হবে।

তিনি বলেন, “ বই মেলাকে সফল করতে যে উপ-কমিটিগুলো গঠন করা হবে। উক্ত কমিটি ঠিকভাবে কাজ করলেই বই মেলা সফল হবে বলে আমি মনে করি। বই মেলাকে সফল করতে প্রয়োজন সমন্বিত প্রয়াস, কেউ ইগোতে ভুগলে বই মেলা সফল করা যাবে না।” তিনি আরো বলেন, উৎসবমুখর বাঙ্গালীর প্রাণের উৎসব এই বই মেলা হয়ে উঠে বাঙালির মিলন মেলায়। সভায় চট্টগ্রামের লেখক, প্রকাশক, কবি, সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, সংস্কৃতিকর্মী, পেশাজীবী ও চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের সদস্যদের সাথে অমর একুশে বইমেলায় প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটি সভাপতি কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জুর সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন- প্যানেল মেয়র মোঃ গিয়াসউদ্দিন, বেগম আফরোজা কালাম, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আতাউল্লাহ চৌধুরী, চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান শিক্ষা কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা মোহাম্মৎ রাশেদা আক্তার, প্রফেসর ড. মুহিতুল আলম, কবি ওমর কায়সার, কবি বিশ্বজিৎ চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা দেওয়ান মাকসুদ আহমেদ, মহিউদ্দিন শাহ আলম নিপু, মোঃ জামাল উদ্দীন, সৃজনশীল প্রকাশনা পরিষদের সভাপতি মোঃ সাহাবুদ্দীন হাসান বাবু, সাধারণ সম্পাদক আলী প্রয়াস, রেহেনা চৌধুরী, সাংবাদিক রিয়াজ হায়দার চৌধুরী, কবি রাশেদ রউফ, কামরুল হাসান বাদল, দীপক দত্ত, মিজানুর রহমান শামীম, সাইফুল ইসলাম বাবু, প্রকৌশলী দেলোয়ার হোসেন মজুমদার, আবদুল হালিম দোভাষ, সম্মিলিত আবৃত্তি পরিষদের সভাপতি রাশেদ হাসান। উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ গবেষক ডা. মাহফুজুর রহমান, ড.আজাদ বুলবুল, কবি ও লেখক অভিক ওসমান, উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু, সাইফুদ্দিন আহমেদ সাকী, শুকলাল দাশ, মুহাম্মদ নূরুল আবসার, কবি আইউব সৈয়দ, ড. সৌরভ সাখাওয়াত, ড. শামসুদ্দীন শিশির, মাসুদ বকুল, সনজিত আচার্য্য, শাহীন চৌধুরী, প্রভাষক তাসকিয়াতুন নূর তানিয়া, সঞ্জয় পাল, সাহাবুদ্দীন মজুমদার, চৌধুরী জসীমুল হক, দীপেন চৌধুরী, কালাম চৌধুরী, কামাল পারভেজ প্রমুখ।

### সুস্থ প্রজন্ম গড়তে মা ও শিশু হাসপাতালকে ভূমিকা রাখতে হবে: মেয়র রেজাউল

গর্ভবতী মা ও নবজাতকদের আধুনিক সেবা প্রদানের মাধ্যমে সুস্থ প্রজন্ম গড়তে মা ও শিশু হাসপাতালকে ভূমিকা রাখতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার জনস্বার্থ বিবেচনায় চসিকের নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় নির্মিত মা ও শিশু হাসপাতালের অভ্যন্তরীণ রাস্তার উদ্বোধনের পর হাসপাতালটির কার্যনির্বাহী কমিটির সাথে এক সভায় তিনি এ মন্তব্য করেন।

মেয়র বলেন, চট্টগ্রামে চিকিৎসা সেবায় মা ও শিশু হাসপাতাল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বেসরকারি উদ্যোগে এত বড় হাসপাতাল প্রতিষ্ঠা ও সফলভাবে পরিচালিত হওয়া চট্টগ্রামের জন্য গর্বের। গর্ভবতী মা ও নবজাতকদের আধুনিক সেবা প্রদানের মাধ্যমে সুস্থ প্রজন্ম গড়তে মা ও শিশু হাসপাতালকে ভূমিকা রাখতে হবে। এসময় কমিটির নেতৃবৃন্দ মেয়রের কাছে হাসপাতালের বর্তমান কার্যক্রম, সাফল্য ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন।

দৈনিক আজাদী সম্পাদক এম এ মালেক বলেন, মা ও শিশু হাসপাতালে ক্যান্সার ইন্সটিটিউট এন্ড রিসার্চ সেন্টারের চিকিৎসা কার্যক্রম শুরু করতে গিয়ে পায় ৫০-৬০ কোটি টাকার ঋণ হয়ে গেছে। আমরা অনুদান সংগ্রহ করছি। অনুদানের মাধ্যমে এ ঋণ পরিশোধ করতে পারলে স্বল্প ব্যয়ে চট্টগ্রামে মিলবে ক্যান্সারের আধুনিক চিকিৎসা।

সভায় উপস্থিত ছিলেন কাউন্সিলর জাফরুল হায়দার চৌধুরী সবুজ, সাবেক কাউন্সিলর এ এস এম জাফর, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মেয়রে'র একান্ত সচিব আবুল হাশেম, নির্বাহী প্রকৌশলী আনোয়ার জাহান, সহকারী প্রকৌশলী কামরুল হাসান, উপ-সহকারী প্রকৌশলী সেলিম রেজা, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট সৈয়দ মো. মোর্শেদ হোসেন, সাধারণ সম্পাদক রেজাউল করিম আজাদ, ভাইস-প্রেসিডেন্ট আবদুল মান্নান রানা, যুগ্ম সাধারণ সম্পাদক সৈয়দ আজিজ নাজিমুদ্দিন, সাংগঠনিক সম্পাদক মো. সাগির, যুগ্ম অর্থ সম্পাদক মো. কুতুব উদ্দিন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮